

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০. মসজিদে বসে থাকার ফ্যীলত

باب فِي فَضْلِ الْقُعُودِ فِي الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ أَبِي الزِّنَادِ، عَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " الْمَلَائِكَةُ تُصلِّي عَلَى أَحَدِكُمْ مَا دَامَ فِي مُصلَّلُهُ الَّذِي صلَّى فِيهِ مَا لَمْ يُحْدِثْ أَنْ يَقُم اللهُمَّ اغْفِرْ لَهُ اللهُمَّ ارْحَمْهُ ".

_ صحیح : ق

বাংলা

৪৬৯। আবূ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যতক্ষণ পর্যন্ত তার সালাত আদায়ের স্থানে (জায়নামাযে) বসে থাকে ততক্ষণ মালায়িকাহ্ (ফিরিশতাগণ) তার জন্য দু'আ করতে থাকেন। তার অযু নষ্ট হওয়া অথবা উঠে চলে যাওয়া পর্যন্ত মালায়িকাহ্ এই বলে দু'আ করতে থাকেনঃ 'হে আল্লাহ! তাকে ক্ষমা করে দিন। হে আল্লাহ! তার প্রতি রহম করুন।'[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

English

Abu Hurairah reported the Messenger of Allah (May peace be upon him) as saying; The angels invoke blessings on any of you who remains sitting at the place where he says his prayers so long as he is defiled (needs ablution) or stands up, saying:

O Allah, forgives him; O Allah, have mercy on him.

ফুটনোট



[1] বুখারী (অধ্যায়ঃ সালাত, মসজিদে উযু নষ্ট হওয়া, হাঃ ৪৪৫), মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ জামা'আতে সালাত আদায় ও সালাতের জন্য অপেক্ষা করার ফাযীলাত) আবূ হুরাইরা (রাঃ) সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন